০৪

আজকের কাগজ

তারিখ 23 OCT 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

১৮

# সা'দত কলেজে ত্রাণ প্রতিমন্ত্রীর সহায়তায় সন্ত্রাস নিয়ে সংসদে উত্তপ্ত আলোচনা

**কাগজ প্রতিবেদক :** করোটিয়া সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ব্যাপক সন্ত্রাস ও বোমাবাজির ঘটনায় ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান-এর প্রত্যক্ষ সহায়তা দেয়ার অভিযোগ আনেন. আওয়ামী লীগ সাংসদ আবুল হাসান চৌধুরী।

বেসরকারি দিবসের দ্বিতীয় পর্বে সাংসদদের বিশেষ অধিকার প্রস্তাবগুলোর মধ্যে আবুল হাসান চৌধুরীর প্রস্তাবগুলো ডেপুটি স্পীকার নাকচ করে দেন। সাংসদ আবুল হাসান চৌধুরী সা'দত বিশ্ববিদ্যালয় কলেজে সন্ত্রাস ও ধনবাড়ী কলেজ নির্বাচনে ছাত্রদলের বিজয়ের বিনিময়ে ধনবাড়ীকে থানায় উন্নীত করার প্রতিশ্রুতির বিষয়ে দুটো বিশেষ অধিকার

এ সময় সাংসদ আবুল হাসান চৌধুরী ডেপুটি স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ত্রাণ প্রতিমন্ত্রী গত বুধবার গভীর রাতে সা'দত কলেজ ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতায় প্রত্যক্ষ মদদ দেন। ধনবাড়ী কলেজ নির্বাচনে ছাত্রদলের বিজয়ের বিনিময়ে ধনবাড়ীকে থানায় উন্নীত করার প্রতিশ্রুতি দেন। ঐ জনসভায় প্রতিমন্ত্রী তাঁর প্রয়াত পিতা বিচারপতি আবু সাঈদ চৌধুরী ও তার পিতামহ সম্পর্কে অশালীন মন্তব্য করেন। এছাড়া প্রতিমন্ত্রী টাঙ্গাইল এলাকার সাংসদের সঙ্গে কোনো আলোচনা ছাড়াই বিশেষ লোকজনের মধ্যে বন্টনের উদ্দেশে ১ হাজার টন রিলিফের টিন বরাদ্দ করেন।

ত্রাণ প্রতিমন্ত্রীর অভিযোগগুলো ভিত্তিহীন বলে উল্লেখ করেন। অবশ্য প্রতিমন্ত্রী বলেন, সা'দত কলেজে হস্তক্ষেপ না করা হলে অবস্থার আরো অবনতি হতে পারতো। ধনবাড়ীকে থানায় উন্নীত করার ব্যাপারে চেষ্টা চালানো অপরাধের কিছু নয়। এরপরই প্রতিমন্ত্রী অভিযোগকারী আবুল হাসান চৌধুরীর নির্বাচিত হওয়ার প্রক্রিয়াও তার ঘন ঘন অভিযোগের ব্যাপারে এ মন্তব্য করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ডেপুটি স্পীকার আলোচনার এখানেই সমাপ্তি টানতে চাইলেও আবুল হাসান চৌধুরী কিছু বলার চেষ্টা করেন। স্পীকার তাকে ফ্লোর দিতে অপারগতা প্রকাশ করায় বিরোধী দলীয় উপনেতা ফ্লোর নিয়ে বলেন, বিচারপতি আবু সাঈদ চৌধুরী সম্পর্কে মন্তব্য করার মতো রাজনৈতিক প্রজ্ঞা ও সামাজিক অবস্থান ত্রাণ প্রতিমন্ত্রীর নেই। ত্রাণমন্ত্রী ব্যক্তিগত আক্রমণের উত্তর দেয়ার জন্যে আবুল হাসান চৌধুরীকে অনুমতি দানের সুপারিশ করেন। ডেপুটি স্পীকার অনুমতি দিলে আবুল হাসান চৌধুরী বলেন, ত্রাণ প্রতিমন্ত্রী ঐ জনসভায় এমন সব ভাষা ব্যবহার করেছেন যার প্রতিউত্তর ঐ ভাষায় দেয়া আমার পারিবারিক ঐতিহ্য বিরোধী।

এ পর্যায়ে প্রতিমন্ত্রী আবারো দাঁড়িয়ে নমনীয় ভাষায় বলেন, আবু সাঈদ চৌধুরী সকলের শ্রদ্ধেয়। আমারও শ্রদ্ধার পাত্র। তাঁর বিরুদ্ধে অশালীন বক্তব্যের অভিযোগ প্রতিমন্ত্রী অস্বীকার করেন।